



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৭২.২০১৮-১৭৮৩ (৪)

তারিখ: ১৫/১১/২০২১ খ্রি.

বিষয় : ঢাকা মহানগরীর উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি ও অধ্যক্ষের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত কার্যক্রমে তদন্ত কর্মকর্তাগণকে অসহযোগিতা করায় কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না ব্যাখ্যা প্রদান।

সূত্র : (১) স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.৪২০

তারিখ : ১০/০১/২০২১ খ্রি.

(২) স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৩.২০.৩৬

তারিখ : ১৫/০১/২০২১ খ্রি.

(৩) স্মারক নং : মাউশি/ঢাঅ/তদন্ত/২০১৭/১৬০৮

তারিখ : ১৮/১০/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০১/২০২১ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২৪৮ নং পত্রে উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ, ঢাকা এর পরিচালনা পর্ষদের সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের তদন্ত ও ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক মাউশির ১৫/০১/২০২১ তারিখের ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৩.২০.৩৬ নং পত্রে ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কর্মকর্তাগণ গত ১৮/১০/২০২১ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তাগণের মতামত : মাউশি থেকে উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ, ঢাকা এর অভিযোগের ভিত্তিতে তদন্ত করার জন্য নির্দেশনা দেয়া হয় এবং ১৩/০৯/২০২১ তারিখে তদন্তের দিন ধার্য করা হয়। কিন্তু ভারপ্রাপ্ত অধ্যক্ষ ১৫ দিনের সময় চেয়ে পত্র প্রেরণ করেন। পত্রের পরিপ্রেক্ষিতে ০৪/১০/২০২১ তারিখে তদন্তের দিন ধার্য করা হয় কিন্তু আবারও ১৫ দিন সময় চেয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবেদন করেন। গত ০৪/১০/২০২১ খ্রি. উক্ত প্রতিষ্ঠানে সরেজমিনে তদন্ত কার্যক্রম পরিচালনা করা হয়। তদন্তকালে অভিযোগ সম্পর্কে ভারপ্রাপ্ত অধ্যক্ষকে লিখিত বক্তব্য ও সংশ্লিষ্ট প্রমাণক সরবরাহের জন্য অনুরোধ করা হলে তিনি সময় সময় চেয়ে আবেদন করেন এবং ১১/১০/২০২১ তারিখের মধ্যে লিখিত বক্তব্য ও সংশ্লিষ্ট প্রমাণক সরবরাহ করবেন মর্মে লিখিত অঙ্গীকার করেন। উক্ত ১১/১০/২০২১ তারিখের মধ্যে ভারপ্রাপ্ত অধ্যক্ষ লিখিত বক্তব্য ও সংশ্লিষ্ট প্রমাণক সরবরাহ করেননি, উপরন্তু তিনি আবারও ২১ দিনের সময় চেয়ে পত্র প্রেরণ করেন। তদন্ত কমিটি গত ১৫/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে তদন্ত কমিটির চাহিত তথ্যাদি সরবরাহ করার অনুরোধ জানিয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষকে পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি তিনি কোন ধরনের রেকর্ডপত্র সরবরাহ করেননি। ভারপ্রাপ্ত অধ্যক্ষ একই কাজের জন্য বার বার সময় চেয়ে কালক্ষেপন করেছেন, একাধিকবার অনুরোধ করা সত্ত্বেও তিনি তদন্ত কাজে সহযোগিতা করেননি। ফলে তদন্ত কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি।

এমতাবস্থায়, তদন্তকার্যে অসহযোগিতা করায় জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০২১ এর ১৮.১(খ) ধারা মোতাবেক কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না এ বিষয়ে ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব প্রেরণ না করলে আপনার কোনো জবাব নেই মর্মে গণ্য হবে।



(মো: এনামুল হক হাওলাদার)

উপপরিচালক (কলেজ-২)

ফোনঃ ৪১০৫০২৪৪

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ

রমনা, ঢাকা;

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- (২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- (৩) সভাপতি, গভর্নিং বডি, উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ, রমনা, ঢাকা;
- (৪) সংরক্ষণ নথি।